

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৫

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: من قَدَّمَ ثَلَاثَةً مِنَ الْوَلَدِ لَمْ يَبْلُغُوا الْحِنْثَ: كَانُوا لَهُ حِصْنًا حَصِينًا مِنَ النَّارِ فَقَالَ أَبُو ذَرِّ: قَدَّمْتُ اثْنَيْنِ. قَالَ: «وَاثْنَيْنِ» . قَالَ أُبِيُّ بْنُ كَعْبٍ أَبُو الْمُنْذِرِ سَيِّدُ الْقُرَّاءِ: قدمت وَاحِد. قَالَ: «وَوَاحِد» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيث غَرِيب

বাংলা

১৭৫৫-[৩৪] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তির জীবদ্দশায় তার তিনটি অপ্রাপ্তবয়স্ক সন্তান মারা যাবে, তারা তাকে জাহান্নাম থেকে বাঁচাবার জন্য অত্যন্ত মজবুত আশ্রয়স্থল হয়ে যাবে। (এ কথা শুনে) আবূ যার (রাঃ) বললেন, আমি তো দু'টি শিশু সন্তান হারিয়েছি। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ দু'টি হলেও হবে। কারীদের ইমাম উবাই ইবনু কা'ব, যার ডাকনাম ছিল 'আবুল মুন্যির, তিনি বললেন, আমিও তো একজন পাঠিয়েছি। অর্থাৎ আমার একটি সন্তান মারা গেছে। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ একটি হলেও এমন অবস্থা। (তিরমিয়ী, ইবনু মাজাহ; ইমাম তিরমিয়ী বলেন, হাদীসটি গরীব।)[1]

ফটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ১০৬১, ইবনু মাজাহ্ ১৬০৬, আহমাদ ৪০৭৭, য'ঈফ আল জামি' আস্ সগীর ৫৭৫৪। ইমাম আত্ তিরমিয়ী (রহঃ) বলেছেন, আবূ 'উবায়দাহ্ তার পিতা থেকে শ্রবণ করেননি। আর শায়খ আলবানী (রহঃ) বলেছেন, আবূ মুহাম্মাদ (যিনি 'উমার-এর আযাদকৃত দাস) মাজহূল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে বলা হয়েছে যে, যদি কোন ব্যক্তি তিনটি সন্তানকে আগাম পাঠায় অর্থাৎ যদি তার পূর্বে তার তিনটি সন্তান মারা যায়, যারা পাপ কাজ করার বয়সে পৌঁছেনি, তাহলে এ সন্তান ঢাল হয়ে তাদেরকে জাহান্নাম



থেকে রক্ষা করবে।

হাদীসের الحنث এর অর্থ পাপ, এর দ্বারা উদ্দেশ্য প্রাপ্তবয়স্ক না হওয়া।

এ হাদীস থেকে আরো প্রমাণ হয় যে, যাদের দু'টি বা একটি সন্তান মারা যাবে তারাও পিতা-মাতার জন্য ঢাল স্বরূপ কাজ করবে। এখানে ঢাল বলতে শক্তিশালী পর্দাকে বুঝানো হয়েছে। অর্থাৎ তারা পিতা-মাতা ও জাহান্নামের মাঝ পথে পর্দা স্বরূপ অবস্থান করবে, যাতে করে তাদের পিতা-মাতাকে জাহান্নামে প্রবেশ করানো না হয়।

উবাই ইবনু কা'বকে ''সাইয়্যিদুল কুররা'' বলার কারণ হল, সে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের বলেছিলেন, তোমাদের মধ্যে কুরআন শিক্ষা দেবে উবাই ইবনু কা'ব। হাদীসটি ইবনু মাজাহ ও সুনানে তিরমিয়ীতে বর্ণিত হয়েছে। ইমাম তিরমিয়ী (রহঃ) বলেন, হাদীসটি গরীব।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন